গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,পাবনা
(রাজস্ব শাখা)
www.pabna.gov.bd

আশ্রয়ণ-২ প্রকল্প (ফেইজ-২) বাস্তবায়নে জেলা টাস্কফোর্স কমিটির ফেব্রুয়ারি/২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ জসিম উদ্দিন
জেলা প্রশাসক, পাবনা
স্থান ঃ সম্মেলন কক্ষ,জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
তারিখ ঃ ২৫ ফেব্রুয়ারি, ২০১৮
সভার সময় ঃ বেলা ১০-৩০ ঘটিকা
সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট "ক'

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),পাবনা কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। সদস্যগণ তা সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে অভিমত প্রকাশ করায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর আলোচনা এবং সিদ্ধান্ত গৃহিত হয়।

০১। আশ্রয়ণ প্রকল্পের জন্য খাস জমি প্রাপ্তি ও প্রস্তাব প্রেরণ সংক্রান্ত ঃ

গৃহহীন ও আশ্রয়হীন পরিবার পুনর্বাসনের জন্য খাসজমি, রিজিউমকৃত জমি, দানকৃত জমি ও ক্রয়কৃত জমি চিহ্নিতপূর্বক কমপক্ষে ২.০০ একর জমিতে (এমনকি ৫০ শতক জমিতেও) এ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রত্যেক উপজেলা হতে প্রস্তাব প্রেরণ করতে হবে। (এ বিষয়ে প্রকল্প পরিচালক মহোদয়ের ১৯/০২/২০১৪ খ্রিঃ তারিখের ০৬.৭০৩.০১৪.০০.৬৬১.২০১৩-৭৭৫১ নং স্মারক পত্রের আলোকে) জেলা ও উপজেলা সদর এবং পৌরসভা এলাকায় কমপক্ষে ৩০ শতাংশ হলে বহুতল ভবন নির্মাণের জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত ঃ গৃহহীন ও আশ্রয়হীন পরিবার পুনর্বাসনের জন্য প্রত্যেক উপজেলা হতে প্রস্তাব প্রেরণ করতে হবে।
বাস্তবায়ন ঃ উপজেলা নির্বাহী অফিসার/সহকারি কমিশনার (ভূমি), সকল, পাবনা

০২। আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) বাস্তবায়ন সংক্রান্ত ঃ

পাবনা সদর উপজেলার হেমায়েতপুর আশ্রয়ণ প্রকল্পে ০৫(পাঁচ) টি ব্যারাক হাউজ নির্মাণ করে ৫০(পঞ্চাশ) টি পরিবার,ঈশ্বরদী উপজেলার নওদাপাড়া আশ্রয়ণ প্রকল্পে ০৫(পাঁচ) টি ও পাবনা সদর উপজেলাধীন শ্যামলিমা আশ্রয়ণ প্রকল্পে ০৪(চার) টি ব্যারাক হাউজ নির্মাণ করে ৯০(নব্বই) টি পরিবার এবং সুজানগর উপজেলার শিবরামপুর আশ্রয়ণ প্রকল্পে ০৬(ছয়) টি ব্যারাক হাউজ নির্মাণ করে ৩০(ত্রিশ) টি পরিবার পুনর্বাসন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রতি মাসে একটি করে আশ্রয়ণ প্রকল্প পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়, আশ্রয়ণ প্রকল্প বরাবর প্রেরণ করতে হবে এবং এ অফিসকে অবহিত করতে হবে।
বাস্তবায়ন ঃ উপজেলা নির্বাহী অফিসার/সহকারি কমিশনার (ভূমি), সকল, পাবনা

০৩। আশ্রয়ণ প্রকল্পে (ফেইজ-২) ঋণ প্রদান সংক্রান্ত ঃ

জেলা সমবায় অফিস হতে প্রাপ্ত তথ্য অনুসারে

| ক্রঃ নং | প্রকল্পের নাম | ব্যারাক হাউজের সংখ্যা | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | বরাদ্দকৃত অর্থের পরিমাণ | বিতরণকৃত অর্থের পরিমাণ পুনঃ বিনিয়োগসহ | আদায়কৃত অর্থের পরিমাণ | বর্তমান মাসের আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | ভবানীপুর আঃ প্রঃ ঈশ্বরদী | ০২ | ২০ | ২,০০,০০০/- | ৮,৫০,০০০/- | ৭,৬৭,৮৬৪/- | ৪৬৩/- | ৯০% |
| ২। | ভায়না আঃ প্রঃ সুজানগর | ০৬ | ৬০ | ৬,০০,০০০/- | ১৬,৭৪,০০০/- | ১৬,৭৪,০০০/- | - | ১০০% |
| ৩। | হেমায়েতপুর আশ্রয়ণ প্রকল্প | ৫ | ৫০ | ৩,৫০,০০০/- | ১,৮০,০০০/- | ১,৪০,৬০০/- | ৯৩/- | ৭৮% |
| ৪। | নওদাপাড়া আশ্রয়ণ প্রকল্প | ৩ | ৩০ | ২,১০,০০০/- | ১,৩০,০০০/- | ২,৬৩,০৮২/- | ২,৭৬৯/- | ৭৯% |
| ৫। | শ্যামলিমা আশ্রয়ণ প্রকল্প | ৪ | ৪০ | ২৮০০০০/- | - | - | - | - |
| | সর্বমোট | ২০ | ২০০ | ১৬,৪০,০০০/- | ২৮,৩৪,০০০/- | ২৮,৪৫,৫৪৬/- | ৩,৩২৫/- | ৯৪% |

চলমান পাতা-২

সিদ্ধান্ত ঃ ঋণের অর্থ ১০০% আদায় নিশ্চিত করতে হবে।

বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সমবায় অফিসার, পাবনা

০৪। আশ্রয়ণ প্রকল্পের অনিষ্পন্ন কাজ ও আত্মকর্মসংস্থানমূলক কার্যক্রম সংক্রান্ত ঃ

সংশ্লিষ্ট উপজেলাগুলোতে আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায় সন্তোষজনক নয় মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। পুনর্বাসিতদের নিকট থেকে ঋণের অর্থ আদায়ের ব্যাপারে আরও তৎপর হতে হবে।এছাড়া যে সকল পরিবার আশ্রয়ণ প্রকল্প ত্যাগ করে নিরুদ্দেশ হয়েছে তাদের নামীয় বরাদ্দকৃত বাড়ি/ ঘর বাতিল করে উপজেলা কমিটির মাধ্যমে নতুন ভূমিহীন পরিবার চিহ্নিত করে পুনঃ বরাদ্দ দেয়া যেতে পারে।

জেলা সমাজসেবা অফিস হতে প্রাপ্ত তথ্য অনুসারে

| -ক্রঃ নং | প্রকল্পের নাম | ব্যারাক হাউজের সংখ্যা | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | বরাদ্দকৃত অর্থের পরিমাণ | বিতরণকৃত অর্থের পরিমাণ পুনঃ বিনিয়োগসহ | আদায়কৃত অর্থের পরিমাণ | বর্তমান মাসের আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৬। | শিবরামপুর আঃ প্রঃ সুজানগর | ০৬ | ৬০ | ৩,০০,০০০/- | ৬,৯৪,০০০/- | ৬,৮৭,৪২৮/- | ৭২০/- | ৯৪% |
| ৭। | ভজেন্দ্রপুর আঃ প্রঃ পাবনা | ০২ | ২০ | ২,০০,০০০/- | ৬,৩৫,০০০/- | ৬,২২,১৬০/- | ৬০০০/- | ১০০% |
| ৮। | লক্ষীনাথপুর আঃ প্রঃ পাবনা | ০২ | ২০ | ১,০০,০০০/- | ২,০০,০০০/- | ২,০২,১৮১/- | ৮০০/- | ১০০% |
| ৯। | হেমায়েতপুর আঃ প্রঃ পাবনা | ২০ | ২০০ | ১০,০০,০০০/ | ১২,২৫,০০০/ | ৯,২১,৫৯১/- | ১,৫০০/- | ৮৪% |
| ০। | বহরপুর রামচন্দ্রপুর আঃ প্রকল্প, ঈশ্বরদী | ১০ | ১০০ | ৫,০০,০০০/- | ৪,২৫,০০০/- | ১,৪৩,৭২৯/- | - | ৩১% |
| ১১। | বাঘহাচলা আঃ প্রঃ ঈশ্বরদী | ০৩ | ৩০ | ১,৫০,০০০/- | ১,২৮,০০০/- | ১,৪৫,১৮৯/- | - | ৭৮% |
| ৮১২ । | মুলাডুলি আঃ প্রঃ ঈশ্বরদী | ০৪ | ৪০ | ২,০০,০০০/- | ১,৬৮,০০০/- | ১,২৭,২৭৫/- | - | ৫১% |
| ১৩। | একদন্ত বাড়ইপাড়া আঃ প্রঃ আটঘরিয়া | ০২ | ২০ | ২,০০,০০০/- | ৪,০০,০০০/- | ৯,০৮,৮০০/- | — | ৯২% |
| | সর্বমোট | ৪৯ | ৪৯০ | ২৬,৫০,০০০/ | ৩৮,৭৫,০০০/- | ৩৭,৫৮,৩৫৩/- | ৯,০২০/- | ৭৯% |

সিদ্ধান্ত ঃ ক) আশ্রয়ণ প্রকল্পে যে সকল পরিবার ঋণ গ্রহণ করে নিয়মিত পরিশোধ করছে তাদেরকে উৎসাহিত করার জন্য পুনরায় ঋণ প্রদান করতে হবে।

খ) আশ্রয়ণ প্রকল্প ছেড়ে যে সকল পরিবার অন্যত্র বসবাস করছে তাদের জন্য বরাদ্দকৃত বাড়ি/ঘর বাতিল করে উপজেলা কমিটির মাধ্যমে নতুন ভূমিহীন পরিবার চিহ্নিত করে পুনঃ বরাদ্দের প্রস্তাব দাখিল করতে হবে এবং বাস্তবায়িত আশ্রয়ণ প্রকল্পগুলো সংশ্লিষ্ট সহকারি কমিশনার (ভূমি) গণকে পরিদর্শন করতে হবে।

বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/সহকারি কমিশনার (ভূমি)/উপজেলা সমবায় অফিসার/উপজেলা সমাজসেবা অফিসার,পাবনা।

০৫। মৎস্য বিভাগের কার্যক্রম সংক্রান্ত আলোচনা ঃ

পাবনা সদর,ঈশ্বরদী, সুজানগর ও আটঘরিয়া উপজেলায় কার্যক্রম চলছে মর্মে জেলা মৎস্য কর্মকর্তা,পাবনা সভায় অবহিত করেন। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারগণকে কিছু বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে **হবে** মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ আশ্রয়ণ প্রকল্পের পুকুরে মাছ চাষের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে কিছু বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

বাস্তবায়ন ঃ উপজেলা নির্বাহী অসিসার/জেলা মৎস্য অফিসার, পাবনা/ সহকারি কমিশনার (ভূমি), পাবনা।

০৬। পরিবার পরিকল্পনা সংক্রান্ত আলোচনাঃ

পাবনা জেলার সকল আশ্রয়ণ প্রকল্পে পরিবার পরিকল্পনা বিভাগ,পাবনা'র কার্যক্রম সঠিকভাবে চলছে মর্মে উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, পাবনা সভাকে অবহিত করেন।

| পরিবার পরিকল্পনা | | | | | |
|---|---|---|---|---|---|
| | উপজেলার নাম | প্রকল্পের নাম | মোট জনসংখ্যা | সক্ষম দম্পতির সংখ্যা | পরিবার পরিকল্পনা গ্রহণকারীর সংখ্যা |
| ১. | পাবনা সদর | হেমায়েতপুর আশ্রয়ণ প্রকল্প | ২১০ | ৫০ | ৩৯ |
| ২. | ঈশ্বরদী | নওদপাড়া আশ্রয়ণ প্রকল্প | ৫১৪ | ১০১ | ৮৬ |

সিদ্ধান্ত ঃ আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারিদের মধ্যে পরিবার পরিকল্পনা বিষয়ে আরও সুন্দরভাবে কাজ করতে হবে।
বাস্তবায়ন ঃ উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, পাবনা।

০৭। বৃক্ষরোপণ সংক্রান্ত আলোচনাঃ

বিভাগীয় বন কর্মকর্তা, পাবনা'র কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

সিদ্ধান্ত ঃ আগামী সভায় হালনাগাদ তথ্যসহ উপস্থিত থাকতে বলা হলো।
বাস্তবায়ন ঃ বিভাগীয় বন কর্মকর্তা, পাবনা।

০৮। জেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ

আশ্রয়ণ প্রকল্পে প্রাণিসম্পদ বিভাগের কর্মকর্তাদের নিয়মিত পরিদর্শন করতে হবে এবং হাঁস মুরগীর টিকাসহ অন্যান্য চিকিৎসা দিতে হবে মর্মে সভাপতি সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত ঃ আশ্রয়ণ প্রকল্পগুলি নিয়মিত পরিদর্শন করতে হবে এবং হাঁস মুরগী ও গবাদিপশুর টিকাসহ অন্যান্য চিকিৎসা দিতে হবে।
বাস্তবায়ন ঃ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পাবনা।

০৯। প্রাথমিক শিক্ষা সংক্রান্ত আলোচনা ঃ

আশ্রয়ণ প্রকল্পে বসবাসরত যে সকল শিশু প্রচলিত ব্যক্তি প্রাথমিক শিক্ষা ব্যবস্থার বাইরে রয়েছে তাদেরকে Innovation Grant Project/Rose (Reaching out of School Programme)/Satellite School Programme এর মাধ্যমে শিক্ষার আওতায় আনা যেতে পারে এবং ১১-৪৫ বছর বয়সের যে সব ব্যক্তি নিরক্ষর রয়েছে তাদেরকে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর উপযুক্ত কোন প্রকল্প কর্মসূচির মাধ্যমে অক্ষর জ্ঞান প্রদান করা যেতে পারে এবং এ কাজে প্রয়োজনে আশ্রয়ণ প্রকল্পের কমিউনিটি সেন্টার ব্যবহার করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ১। আশ্রয়ণ প্রকল্পে বসবাসরত যে সকল শিশু প্রচলিত প্রাথমিক শিক্ষা ব্যবস্থার বাইরে রয়েছে তাদেরকে Innovation Grant Project/Rose (Reaching out of School Programme/Satellite School Programme.এর মাধ্যমে শিক্ষার আওতায় আনা যেতে পারে।

২। ১১-৪৫ বছর বয়সের যেসব ব্যক্তি নিরক্ষর রয়েছে তাদেরকে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক সদ্য গৃহিত মৌলিক স্বাক্ষরতা প্রকল্প/ কর্মসূচির মাধ্যমে অক্ষর জ্ঞান সম্পন্ন করা যেতে পারে এবং প্রয়োজনে আশ্রয়ণ প্রকল্পের কমিউনিটি সেন্টার এ কাজে ব্যবহার করা যেতে পারে।
বাস্তবায়ন ঃ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পাবনা ও সহকারি পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পাবনা ।

১০। মহিলা বিষয়ক দপ্তরের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ

জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পাবনা'র কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।
সিদ্ধান্ত ঃ আগামী সভায় হালনাগাদ তথ্যসহ উপস্থিত থাকতে বলা হলো।
বাস্তবায়ন ঃ জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাবনা।

১১। যুব উন্নয়ন অধিদপ্তর, পাবনা'র কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ

বর্তমানে কোন বরাদ্দ না থাকায় প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে তবে বরাদ্দ পেলে প্রশিক্ষণ দেয়া হবে মর্মে উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পাবনা সভায় অবহিত করেন।
সিদ্ধান্ত ঃ আশ্রয়ণ প্রকল্পগুলি নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
বাস্তবায়ন ঃ উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পাবনা।

১২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাবনা'র কার্যক্রম সংক্রান্ত আলোচনা ঃ

অর্থ বরাদ্দ পাওয়া গেলে আশ্রয়ণ প্রকল্পে স্যানিটেশনের ব্যবস্থা করা হবে মর্মে নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাবনা সভাকে অবহিত করেন।
সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর সহিত আলোচনা করে আশ্রয়ণ প্রকল্পে স্যানিটেশনের ব্যবস্থা করতে হবে।
বাস্তবায়ন ঃ নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাবনা।

১৩। স্বাস্থ্য বিভাগ, পাবনা'র কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ

স্বাস্থ্য বিভাগ, পাবনার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হলো না।

সিদ্ধান্ত ঃ আগামী সভায় হালনাগাদ তথ্যসহ উপস্থিত থাকতে বলা হলো।
বাস্তবায়ন ঃ সিভিল সার্জন, পাবনা।

১৪। আনসার ও ভিডিপি,পাবনা'র কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ

আশ্রয়ণ প্রকল্পে আগামীতে প্রশিক্ষণের জন্য তালিকা দেয়া হয়েছে মর্মে জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পাবনা সভায় অবহিত করেন। এ ছাড়াও দীর্ঘ্যমেয়াদী ও স্থায়ী প্রশিক্ষন এর বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারদের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।

সিদ্ধান্ত ঃ আশ্রয়ণ প্রকল্পগুলি নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রশিক্ষন এর বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।
বাস্তবায়ন ঃ জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পাবনা।

১৫। আশ্রয়ণ প্রকল্প গ্রামে বিদ্যুৎ লাইন নির্মাণ সংক্রান্ত আলোচনা ঃ

আশ্রয়ণ প্রকল্পে কার্যক্রম সঠিকভাবে চলছে মর্মে জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১.চাটমোহর/পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশিনাথপুর, পাবনা সভাকে অবহিত করেন। আরও অবহিত করেন যে আশ্রয়ণ প্রকল্পবাসী বিদ্যুৎ বিল ঠিকমত পরিশোধ করছেন ।

সিদ্ধান্ত ঃ আশ্রয়ণ প্রকল্পে আগামীতে আরও সুন্দরভাবে কাজ করতে হবে এবং বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার গণকে অবহিত করবেন।

বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/সহকারি কমিশনার (ভূমি) ও জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১,চাটমোহর/পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশিনাথপুর, পাবনা।

১৬। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা'র কার্যক্রম সংক্রান্ত আলোচনা ঃ

আশ্রয়ণ প্রকল্পে বৃক্ষ রোপন, কমপোস্ট সার তৈরী, সবজি বাগান তৈরী এবং সজনী গাছ ,আমলকী,পেঁপে, বড়ই,আমড়া ও লাউগাছ বেশি বেশি করে লাগাতে হবে মর্মে সভাপতি সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত ঃ আশ্রয়ণ প্রকল্প নিয়মিত পরিদর্শন করতে হবে এবং বৃক্ষ রোপন, কমপোস্ট সার তৈরী, সবজি বাগান তৈরী এবং সজনী গাছ ,আমলকী, বড়ই,আমড়া,পেঁপে ও লাউগাছ বেশি বেশি করে লাগাতে হবে।
বাস্তবায়ন ঃ উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা

১৭। বিবিধ আলোচনা ঃ

আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন জেলা টাস্কফোর্স কমিটির সভার পূর্বে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম গ্রহণের উপর প্রতিবেদন দিতে হবে এবং সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে মর্মে সভাপতি সভায় সকলকে অবহিত করেন।

সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তর কর্তৃক আশ্রয়ণ প্রকল্পে গ্রহণকৃত কার্যক্রমের উপর প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে প্রতিবেদন দিতে হবে এবং সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে
বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তরের কর্মকর্তাগণ।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ জসিম উদ্দিন)
জেলা প্রশাসক, পাবনা
ও
সভাপতি
আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন জেলা টাস্কফোর্স কমিটি
ফোন: ০৭৩১-৬৫৪৯৯
ই-মেইল: dcpabna@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(রাজস্ব শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০২৮.০৬.০০৪.১৮- ৬৬২ (৫০) তারিখঃ- ১৫ মার্চ, ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) ঃ

০১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৬। পুলিশ সুপার, পাবনা
০৭। সিভিল সার্জন, পাবনা
০৮। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ, পাবনা
০৯-১১। নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড, পাবনা
১২। মেজর এ, কে, এম শফিউজ্জামান, জি,এস,ও-২, আই, সদর দপ্তর ১১ পদাতিক ডিভিশন, জি,এস, শাখা মাঝিড়া সেনানিবাস, বগুড়া
১৩-২১। উপজেলা নির্বাহী অফিসার,---------------------------------(সকল), পাবনা
২২। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১ চাটমোহর/সমিতি-২ কাশিনাথপুর, পাবনা
২৩। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পাবনা
২৪। বিভাগীয় বন কর্মকর্তা, পাবনা
২৫। জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা
২৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পাবনা
২৭। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, পাবনা
২৮। উপ-পরিচালক, বিআরডিবি, পাবনা
২৯। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, পাবনা
৩০। উপ-পরিচালক,সমাজ সেবা অধিদপ্তর, পাবনা
৩১। জেলা সমবায় অফিসার, পাবনা
৩২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,পাবনা
৩৩। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাবনা
৩৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,পাবনা
৩৫। জেলা নিবন্ধক, পাবনা
৩৬-৪৪। সহকারি কমিশনার (ভূমি) ..........................................(সকল), পাবনা
৪৫। সহকারি কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য
৪৬। সহকারি পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পাবনা
৪৭। জনাব মোঃ রেজাউল রহিম লাল, সমাজ কর্মী, পাবনা
৪৮। জনাব মোঃ আব্দুল হামিদ মাস্টার, সমাজ কর্মী, পাবনা

(মোঃ রুহুল আমিন)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা
ও
সদস্য-সচিব
আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন জেলা টাস্কফোর্স কমিটি
ফোন: ০৭৩১-৬৬০৩৯
১৫।৩।১৮